গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালীগঞ্জ, লালমনিরহাট।
www. kaliganj.lalmonirhat.gov.bd

# কালীগঞ্জ উপজেলা পরিষদের জুন/২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভা নম্বর ঃ ১০
সভাপতি ঃ মোছাঃ জাকিয়া সুলতানা, প্রশাসক, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।
তারিখ ঃ ২৯/০৬/২০২৫ খ্রিঃ
সভার সময় ঃ সকাল- ১১.৩০ ঘটিকা।
উপস্থিতি ঃ উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট- 'ক'-তে দেখানো হলো

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন এবং গত মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এতে কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **প্রশাসক, উপজেলা পরিষদ :** উপজেলা পরিষদ মাসিক সভার প্রস্তাবনা নিয়ে সভাপতি সকলকে যথাসময়ে সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানান এবং প্রশাসক হিসেবে উপজেলা পরিষদের ন্যস্ত সকল কর্মকর্তাগণের সার্বিক সহযোগিতা কামনা করেন। | ১.১ প্রশাসক হিসেবে সকলের সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় | সংশ্লিষ্ট সকল |
| ০২ | **উপজেলা স্বাস্থ্য বিভাগ :** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় বলেন, তার দপ্তরের ডাক্তারের মঞ্জুরীকৃত পদ ২৯টি, তন্মধ্যে কর্মরত পদ ০৯টি ও শুন্য পদ ২০টি। নার্সের মঞ্জুরীকৃত পদ ৩৯টি, তন্মধ্যে কর্মরত পদ ৩৮টি ও শুন্য পদ ০১টি। বহিঃবিভাগে রোগীর সংখ্যা- ৩৩৯৪জন, জরুরী বিভাগে রোগীর সংখ্যা- ২৩০৯ জন, অন্তঃ বিভাগে ভর্তিকৃত রোগীর সংখ্যা- ৭৮৩ জন। মোট রোগীর সংখ্যা-৬৪৮৬ জন। আল্ট্রাসনোগ্রাম- নেই, ই,সি,জি সেবা প্রদান- ৫১ জন। প্যাথলজিক্যাল পরীক্ষা- ৪৬০ জন, স্বাভাবিক প্রসব সেবা- ৪৬ জন, সিজারিয়ান সংখ্যা- ১ জন, এক্স-রে পরীক্ষা- ২৩৫ জন, মেজর সার্জারী রোগীর সংখ্যা- ০১ জন, মাইনর সার্জারী সংখ্যা- ৩০৫ জন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিক ভাবে চলছে। | ২.১ উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যক্রম আরও গতিশীল এবং সঠিক ভাবে পরিচালনা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৩ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে কিছু জানা গেলো না। | ৩.১ আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা পঃপঃ অফিসার, কালীগঞ্জ লালমনিরহাট |
| ০৪ | **উপজেলা কৃষি বিভাগ :** উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, বোরো মৌসুমে কালীগঞ্জ উপজেলায় ১৩০৭০ হেক্টর জমিতে বোরো ধানের আবাদ হয়েছিল, ইতোমধ্যে ১৩০৭০ হেক্টর জমির ধান কর্তন সম্পন্ন হয়েছে। বোরো ধান উৎপাদন হয়েছে ৮৮৯১৫ মে:টন। হাইব্রিড জাত ও উচ্চফলনশীন জাতের আবাদের মাধ্যমে উৎপাদন বৃদ্ধি করা হয়েছে। বর্তমান সরকারের পরিকল্পনা হলো আমদানি নির্ভরতা থেকে সরে আসা। চাহিদা মোতাবেক ধান উৎপাদন হলেও প্রত্যেক বছর খাদ্য নিরাপত্তার জন্য অতিরিক্ত ৭ লক্ষ মে:টন ধান আমদানি করতে হয়। বর্তমান | ৪.১ কৃষি বিভাগের কার্যক্রম আরও গতিশীল এবং সঠিক ভাবে পরিচালনা করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | সরকারের পরিকল্পনা হলো কোন পরিস্থিতিতেই ধানের আবাদ কমানো যাবে না। আবাদ এরিয়া উচ্চফলনশীল ধানের জাত ও হাইব্রিড জাতের আবাদের মাধ্যমে উৎপাদন বাড়াতে হবে। ধানের আবাদ এরিয়া ঠিক রেখে অন্য ফসল আবাদ করতে হবে। সরকারের মহৎ উদ্যোগ প্রনোদনা কর্মসূচির মাধ্যমে উন্নত উচ্চফলনশীল জাতের ধানের বীজ ও সার ক্ষুদ্র এবং প্রান্তিক কৃষকের মাঝে সরবরাহ করা হয়েছে। যা উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। রোপা আমন ধানের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রনোদণা কর্মসূচি/২০২৪-২৫ অর্থ বছরে উফশী ১৭৫০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হবে এবং পেঁয়াজের ঘাটতি পূরণে প্রনোদণা কর্মসূচি/২০২৪-২৫ অর্থ বছরে গ্রীষ্মকালীন পেঁয়াজ ১৭০ জন অনাবাদি পতিত জমিতে আবাদ করার জন্য গত বছর ৩২৪ টি পারিবারিক পুষ্টি বাগান স্থাপন করা হয়েছে। এ বছর অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্পের আওতায় ৮৭টি পারিবারিক পুষ্টিবাগান স্থাপন করা হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | |
| ০৫ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলার সকল ইউনিয়নে পশুর সংক্রামক রোগ দমনে টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। নতুন রোগ ব্যাধি দমনে জনসচেতনতায় উঠান বৈঠক নিয়মিত ভাবে আয়োজন করা হচ্ছে। তিনি গবাদি পশু ও হাঁস মুরগীর নিয়মিত কৃমিনাশক ঔষধ খাওয়ানোর জন্য সকলকে অনুরোধ করেন। এছাড়া প্রাণিসম্পদ বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ৫.১ উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৬ | **উপজেলা মৎস্য বিভাগ :**<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে কিছু জানা গেলো না। | ৬.১ আগামী সভায় উপস্থিত থাকার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৭ | **উপজেলা প্রকৌশলীর বিভাগ :**<br>সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি প্রকল্পের কাজ চলমান রয়েছে এবং ৩০শে জুন এর মধ্যে প্রকল্প কাজ সমাপ্ত হবে। কিছু প্রকল্পের কাজ চলমান থাকায় পে-অর্ডার করে রাখা হবে। কাজ সমাপ্তের পর বিল পরিশোধ করা হবে। তিনি আরও বলেন যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে এডিপি প্রকল্প ও রাজস্ব প্রকল্প গ্রহণের জন্য অনুরোধ করেন এবং জরুরী কিছু প্রকল্পের তালিকা প্রস্তুত করে স্থানীয় সরকার বিভাগে চাহিদা প্রেরণের জন্য সভাপতি ও সকল সদসকে অনুরোধ করেন।এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ৭.১ সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপি প্রকল্পের অসমাপ্ত কাজের বিল পে-অর্ডার করে রাখা এবং কাজ সমাপ্তের পর সংশ্লিষ্ঠ ঠিকাদারকে বিল প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৭.২ সভায় ২০২৫-২০২৬ অর্থ বছরে প্রকল্প গ্রহণ ও জরুরী প্রকল্পের তালিকা আগামী সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৮ | **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:**<br>উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, প্রায় দুই সপ্তাহ ছুটির পর বিদ্যালয় পাঠদান কার্যক্রম চলছে। দীর্ঘ ছুটির পর বিদ্যালয় চালু হওয়ায় শিক্ষার্থী উপস্থিতি কিছুটা কম। সার বাংলাদেশে ১৫২টি উপজেলায় সরকারি বিদ্যালয় স্কুল ফিডিং কার্যক্রম গ্রহন করেছে সরকার। কালীগঞ্জ উপজেলায় উক্ত কার্যক্রমের অর্ন্তভুক্ত হয়েছে। ইতোমধ্যে তথ্য সংগ্রহ ও মাঠ পর্যায়ে | ৮.১ উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের কার্যক্রম গতিশীল করার জন্য উপজেলা শিক্ষা অফিসার-কে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | অভিভাবক সমাবেশের মাধ্যমে প্রচারনা চালানো হচ্ছে ফলে উপস্থিতিসহ শিক্ষার্থী ভর্তি বাড়তে শুরু করেছে। অত্র উপজেলায় মোট ১৬৫ টি সরকারি প্রাথমিক বিদ্যালয় ও ১টি শিশু কল্যান বিদ্যালয় মোট ১৬৪৫৮ জন, শিক্ষার্থী স্কুল ফিডিং সুবিধা প্রাপ্ত হবে। তিনি আরও বলেন যে, শিশুদের বাংলা, গণিত, ইংরেজি বিষয়ে দক্ষতা বৃদ্ধিতে বর্তমান শিখন অবস্থান (বেইজ লাইন সার্ভে) এসেসমেন্ট আগামী সপ্তাহের ১ জুলাই ২০২৫ থেকে ১৫ জুলাই ২০২৫ পর্যন্ত চলমান থাকবে। শিক্ষার্থীর শিখন অবস্থা জেনে পরবর্তিতে ঘাটতি দূরিকরনে পরিকল্পনা গ্রহন করে শিক্ষকগন কার্যক্রম পরিচালনা করবেন। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | |
| ০৯ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, বর্তমানে মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে অর্ধ বার্ষিক পরীক্ষা চলছে। কালীগঞ্জ উপজেলায় ৫টি কেন্দ্রে এসএসসি/আলিম/কারিগরি পরীক্ষা সুষ্ঠুভাবে চলমান রয়েছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "লেইস প্রকল্প" এর আওতায় কালীগঞ্জ উপজেলায় মাধ্যমিক পর্যায়ের ৫৫টি শিক্ষা প্রতিষ্ঠান সমূহ জলবায়ু পরিবর্তন বিষয়ে কর্মসূচী আয়োজনের লক্ষ্যে প্রতিষ্ঠান প্রতি ৫০০০/- (পাঁচ হাজার) টাকা অনুদান বাবদ আরপিও হতে এর মাধ্যমে প্রদানের লক্ষ্যে প্রতিষ্ঠানের নিজ নিজ ব্যাংক হিসাব প্রেরণ এর কার্যক্রম করা হচ্ছে। উপবৃত্তি প্রাপ্ত শিক্ষর্থীদের নিজস্ব হিসাবে উপবৃত্তি অর্থ প্রেরণ করা হয়েছে। মর্মে উর্দ্ধতন কর্তৃপক্ষকে পত্র প্রেরণ করেছেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ৯.১ উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম গতিশীল করার জন্য মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১০ | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগ :**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, (১) **ভিডব্লিউবি কার্যক্রম** ঃ ২০২৫-২০২৬ অর্থ বছরের ভিডব্লিউবি চক্রের ০৮টি ইউনিয়নের আওতায় বরাদ্দকৃত ২১৩৬ জন উপকারভোগী নির্বাচনের জন্য ইউনিয়ন পর্যায়ে নির্বাচিত (ছক-ক) সম্পন্ন হয়েছে। উপজেলা পর্যায়ে ভিডব্লিউবি উপকারভোগীর তালিকা (ছক-৩) নির্বাচন প্রক্রিয়াধীন। (২) **মা ও শিশু সহায়তা কার্যক্রম** ঃ ২০২৪-২০২৫ অর্থ বছরে অত্র উপজেলার ৮টি ইউনিয়নের জুলাই/২০২৪ হতে জুন/২০২৫ পর্যন্ত প্রতিমাসে ইউনিয়ন প্রতি ৯ জন হিসেবে ১২ মাসে সর্বমোট= ৮৬৪ জন ভাতাভোগীর ডাটা এন্টি অনুমোদন সম্পন্ন হয়েছে এবং ভাতা বিতরণ চলমান রয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরের জুন/২০২৫ পর্যন্ত মোট ভাতাভোগীর সংখ্যা= ৮৬৪ জন। (৩) **প্রশিক্ষণ কার্যক্রম (ডব্লিউ,টি,সি)** ঃ ২০২৪-২০২৫ অর্থ বছরের এপ্রিল/২০২৫ হতে জুন/২০২৫ পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদী ডব্লিউ,টি,সি প্রশিক্ষণ কেন্দ্রে দর্জি বিজ্ঞান ট্রেডে ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। (৪) **মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ তহবিলঃ** মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় মে/২০২৫ মাসে ঋণের কিস্তি বাবদ ৪৭৭৬/- টাকা আদায় হয়েছে। মে/২০২৫ মাসে ব্যাংক স্থিতির পরিমাণ ৭১,১০৫/২৬ টাকা। (৫) **কিশোর-কিশোরী ক্লাব** ঃ জানুয়ারি ২০২৫ হতে জুন ২০২৫ পর্যন্ত ০৬ মাসের জন্য ০৮টি ইউনিয়নের অবস্থিত ০৮টি ক্লাবের ক্লাব প্রতি ২০ জন কিশোরী ও ১০ জন কিশোরসহ মোট | ১০.১ উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম গতিশীল করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ৩০ জন হিসেবে সর্বমোট ২৪০ জনকে সংগীত ও আবৃত্তি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ক্লাবে নাস্তা বিতরণ চলমান রয়েছে। বর্তমানে ৮টি ক্লাবে কর্মরত জনবলের সংখ্যা- জেন্ডার প্রোমোটার- ০২ জন, ক্লাব কো অর্ডিনেটর- ০৮ জন, সংগীত শিক্ষক- ০৮ জন এবং আবৃত্তি শিক্ষক- ০৮ জনসহ মোট- ২৬ জন। **(৬) মামলা সংক্রান্ত ঃ** মে/২০২৫ মাসে জর্জ কোর্ট, লালমনিরহাট হতে নারী ও শিশু নির্যাতন বিষয়ে তদন্ত করণের জন্য অত্র কার্যালয়ে কোন মামলা পাওয়া যায়নি। তিনি আরও বলেন যে, অত্র কার্যালয়ের ভবনের বারান্দার কাঠ ও টিন নষ্ট হয়ে যাওয়ার কারণে ব্যবহারের অনুপযোগী হয়ে পরেছে। এখন বর্ষা মৌসুমে জরুরী ভিত্তিতে বরান্দা মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে সভায় সভাপতি মহোদয়কে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করেন। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | | |
| ১১ | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :**<br>সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে কিছু জানা গেলো না। | ১১.১ আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, |
| ১২ | **উপজেলা সমাজসেবা বিভাগ :**<br>সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, সমাজসেবা কার্যালয়ে নিজস্ব জায়গা হতে অবৈধ স্থাপনা উচ্ছেদের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট মহোদয়ের সুযোগ্য নেতৃত্বে সফল হয়েছে। এজন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের প্রতি অশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি আরও বলেন যে, সেবা গ্রহীতাদের জন্য পাবলিক টয়লেট ও সাইকেল গ্যারেজ স্থাপন জরুরী। ২০২৪-২০২৫ অর্থ বছরে ৪র্থ কিস্তির ৯৯.৬২% ভাতাভোগীদের পেরোল প্রেরণ করা হয়েছে। অটিজম ও এনডিডি সেবাদান কেন্দ্র, কালীগঞ্জ হতে বেশ কিছু প্রয়োজনীয় জিনিসপত্র চুরি হয়ে যাওয়ায় অধিকতর নিরাপত্তার জন্য অত্র প্রতিষ্ঠানের সহকারী পরিচালক, সিসি ক্যামেরার বরাদ্দ চেয়ে উপজেলা নির্বাহী অফিসার বরাবর আবেদন পত্র দাখিল করেছেন। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | ১২.১ উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১৩ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর (ত্রাণ শাখা) :**<br>সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা-কাবিখা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ১ম ও ২য় ও ৩য় কিস্তির বরাদ্দের প্রকল্পের কাজ প্রায় ১০০% সমাপ্ত হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছর গ্রামীণ রাস্তায় ১৫ মিটার পর্যন্তসেতু/কালভার্ট নির্মাণ প্রকল্পের এ উপজেলার ৭টি ব্রীজ এর মধ্যে ৬টি ব্রীজ এর কাজ ১০০% সমাপ্ত হয়েছে এবং ১টি ব্রীজের কাজ জলাবদ্ধতার কারণে বন্ধ রয়েছে। ২০২৪-২৫ অর্থ বছর গ্রামীণ রাস্তায়হেরিং বন্ড (এইচবিবি) করণ প্রকল্পের ১০০০.০০ মিটার রাস্তার কাজ ১০০% সমাপ্ত হয়েছে।এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | ১৩.১ উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর (ত্রাণ শাখা) কার্যক্রম সঠিক ভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১৪ | **উপজেলা সমবায় বিভাগ:**<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, কালীগঞ্জ উপজেলা সমবায় বিভাগ কর্তৃক ৪টি আশ্রয়ণ এবং ৪টি আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্পের ঋণ কার্যক্রম চলমান আছে। ৪টি আশ্রয়ণ প্রকল্পের মধ্যে কাশিরাম, ভোটমারী ১নং এবং ভোটমারী-২নং আশ্রয়ণ প্রকল্প সম্পূর্ণ রূপে নদীগর্ভে বিলীন | ১৪.১ উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম সঠিকভাবে তদারকি করার জন্য উপজেলা সমবায় অফিসার-কে অনুরোধ করা হয় | উপজেলা সমবায় অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | হয়ে গেছে এবং বোতলা আশ্রয়ণ ও উত্তর বালাপাড়া আশ্রয়ণ ফেইজ-২ প্রকল্পের ব্যারাক ঘরগুলোর অধিকাংশ সদস্য বাহিরে চলে গেছে। যার ফলে সব প্রকল্পের আদায় হচ্ছে না। আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্পের আওতায় চলমান প্রকল্প গুলো হলো (১) উত্তর বালাপাড়া, (২) উত্তর দলগ্রাম কালভৈরব, (৩) উত্তর দলগ্রাম বড়দিঘীরপাড় এবং (৪) মহিষামুড়ি আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্প। ০৪টি আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্পের মোট ৩৪০টি পরিবার পূর্ণবাসিত হয়েছে। উক্ত পূর্ণবাসিত পরিবারের মধ্যে জুন/২৫ খ্রিঃ মাস পর্যন্ত মোট ৩৮,৯৭,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। উক্ত ঋণের মধ্যে জুন/২৫ মাস পর্যন্ত মোট ২০,৫১,৬০২/- টাকা আসল এবং ১,৬৪,১২৮/- টাকা সার্ভিস চার্জ আদায় করা হয়েছে। উক্ত সার্ভিস এর মধ্যে ৩% হিসাবে আশ্রয়ণ-২ প্রকল্পে ৭,৫৯৫/- টাকা প্রেরণ করা হয়েছে। অত্র কার্যালয়ের ২০২৪-২৫ অর্থ বছরের আওতাধীন মোট ৭৫টি প্রাথমিক সমবায় সমিতির অডিট বরাদ্দ হয়েছে। অডিট বরাদ্দকৃত সমিতি গুলোর বর্তমান শেয়ার মূলধন ৭২,৭৩,৬৭০/- টাকা, সঞ্চয় আমানত ৫,৪৭,৪৫,৭৮০/- টাকা মাত্র এবং কার্যকরী মূলধন ৬,২০,১৯,৪৫০/- টাকা। ২০২৩-২০২৪ সনের সম্পাদনকৃত অডিটের প্রেক্ষিতে অডিট ফি বাবদ প্রাথমিক সমবায় সমিতির ১১,৩৬০/- টাকা এবং সমবায় উন্নয়ন তহবিল বাবদ ২২,৭৪০/- টাকা সর্বমোট ৩৪,১০০/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা হয়েছে। অত্র উপজেলায় নতুন করে ১২টি আশ্রয়ণ-২ প্রকল্পের সমবায় সমিতি নিবন্ধন করা হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | |
| ১৫ | **উপজেলা যুব উন্নয়ন অফিস:**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে কিছু জানা গেলো না। | ১৫.১ আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, |
| ১৬ | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর**<br>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় বলেন, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় কালীগঞ্জ উপজেলায় ৯৬টি নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। এছাড়াও ১৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দ্বি-তল/একতলা ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১৬.১ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তরের কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য উপ-সহকারী প্রকৌশলীকে পরামর্শ প্রদান করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১৭ | **বন বিভাগ:**<br>ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১৭.১ উপজেলা বনায়ন ও নার্সারী বিভাগের কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার করার জন্য বলা হলো। | ফরেস্টার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১৮ | **বিবিধ আলোচনা :**<br>(ক) সভায় আলোচনাকালে সভাপতি জানান যে, অত্র উপজেলার ১৪৩২ বাংলা সনে ২৩টি হাট/বাজার ইজারা প্রদানের নিমিত্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে এর মধ্যে ২টি হাট খাস আদায় চলমান রয়েছে এবং ২১টি হাট/বাজার ইজারা প্রদান করা হয় এর মধ্যে ৭টি হাট/বাজারের ইজারাদারগণ কর্তৃক ডাককৃত অর্থ এবং জামানত, ভ্যাট, আয়কর এখন পর্যন্ত পরিশোধ না হওয়ায় সরকারি হাট/বাজার ইজারা প্রদান সংক্রান্ত নীতিমালার আলোকে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের নির্দেশনা থাকায় উর্দ্ধতন কর্তৃপক্ষের সিদ্ধান্তের প্রেক্ষিতে অর্থ আদায়ের জন্য আইনগত প্রক্রিয়ায় ব্যবস্থা গ্রহণের জন্য সকল সদস্যর মতামত কামনা করেন। | (ক) সভায় বিস্তারিত আলোচান্তে ১৪৩২ বাংলা সনে হাট/বাজার ইজারার অপরিশোধিত অর্থ আদায়ের জন্য ইজারাদারগণ-কে অদ্যকার সভার তারিখ হতে ২ (দুই) সাপ্তাহের সময় বর্ধিত করা হয় এবং উক্ত সময়ের মধ্যে সংশ্লিষ্ট ইজারাদারগণ বকেয়া অর্থ পরিশোধ করতে ব্যার্থ হলে পরবর্তীতে নীতিমালার আলোকে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য সকল সদস্য একমত পোষণ করেন এবং সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | (ক) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | (খ) সভায় আলোচনা কালে সভাপতি জানান যে, সহকারী পরিচালক, অটিজম ও এনডিডি সেবা কেন্দ্র, কালীগঞ্জ লালমনিরহাট সেবাদান কেন্দ্রের নিরাপত্তার জন্য সিসি ক্যামেরা স্থাপনের জন্য আবেদন করেছেন। তিনি জানান যে, অটিজম ও এনডিডি সেবাদান কেন্দ্র, শীর্ষক প্রকল্প, সমাজকল্যাণ মন্ত্রণালয় আওতায় নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট কর্তৃক পরিচালিত হয়ে আসছে। গত ০৩/০৬/২০২৫ খ্রি: তারিখে সেবাদান কেন্দ্রে চুরি হওয়ায় কেন্দ্রটি নিরাপত্তাহীনতায় রয়েছে। সভায় বিস্তারিত আলোচনায় আরও জানা যায় যে, সাবেক সমাজ কল্যাণ মন্ত্রি নিজস্ব জমিতে নিজের জিম্মায় সেবা কেন্দ্রটি স্থাপন করেন এবং মাসিক ভাড়া- ৫২,০০০/- (বায়ান্ন হাজার) টাকা ভাড়া আদায় করেন সমাজসেবা অফিসার জানান যে, মে/২৫ মাসের মাসিক ভাড়া সাবেক মন্ত্রির পরিবারের সদস্যরা ভাড়া আদায় করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে অটিজম ও এনডিডি সেবাদান কেন্দ্রটি স্থানান্তরের জন্য সকল সদস্যের মতামত প্রয়োজন। | (খ) সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২৫-২৬ অর্থ বছরের উপজেলা পরিষদের এডিপি অথবা রাজস্ব তহবিলের বরাদ্দ হতে অটিজম ও এনডিডি সেবা কেন্দ্র, কালীগঞ্জ সিসি ক্যামেরা স্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>(খ-১) সভায় বিস্তারিত আলোচনান্তে অটিজম ও এনডিডি সেবা কেন্দ্রটি দ্রুত স্থানান্তর করার জন্য সভায় সকল সদস্য একমত পোষণ করেন এবং প্রতি মাসের সেবা কেন্দ্রের ভাড়া- ৫২,০০০/- টাকা হতে কম মূল্যে ভাড়া নির্ধারণের বিষয়ে জরুরীভাবে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | (খ-১-২) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট এবং উপজেলা সমাজসেবা কর্মকর্তা কালীগঞ্জ, লালমনিরহাট |
| | (গ) সভায় আলোচনাকালে উপজেলা শিক্ষা অফিসার জানান যে, লালমনিরহাট জেলার মধ্যে ২টি উপজেলায় প্রাথমিক শিক্ষার মানউন্নয়নের লক্ষ্যে মিড-ডে-মিল ব্যবস্থা চালু করণের নিমিত্ত পাটগ্রাম উপজেলা এবং কালীগঞ্জ উপজেলা নির্বাচিত হয়েছে। এ ব্যাপারে পরবর্তীতে মন্ত্রণালয় থেকে যে, নির্দেশনা প্রদান করা হবে তার প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে। তিনি সভায় সকল সদস্যর আন্তরিক সহযোগিকা কামনা করেন। | (গ) সভায় বিস্তারিত আলোচনান্তে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থগ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | (গ) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, এবং উপজেলা শিক্ষা অফিসার কালীগঞ্জ, লালমনিরহাট। |
| | (ঘ) সভায় আলোচনাকালে সভাপতি জানান যে, উপজেলা পরিষদের গত ২৮/০৫/২০২৫ খ্রি: তারিখের সভার ১৮ নং ক্রমিকের 'ঘ' অনুচ্ছেদের আলোচ্য বিষয়ে জনাব মানিক চন্দ্র রায় (৩০), উপজেলা পরিষদের মালী পদ হতে চূড়ান্ত ভাবে অব্যাহতি প্রদান করা হয়। এপ্রেক্ষিতে অত্র উপজেলা পরিষদে দীর্ঘদিন যাবৎ বিনা বেতনে সবুজ চন্দ্র রায় কাজ করে আসছে। এপ্রেক্ষিতে মানবিক দিক বিবেচনা করে মানিক চন্দ্র রায় (৩০) এর পরিবর্তে সবুজ চন্দ্র রায়, পিতা- ধজেন্দ্র নাথ রায়, গ্রাম- তুষভান্ডার, ডাকঘর- তুষভান্ডার, উপজেলা- কালীগঞ্জ, জেলা- লালমনিরহাট-কে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর 'ত' অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক দৈনিক মজুরী ভিত্তিতে দক্ষতা ও অদক্ষতার ভিত্তিতে দৈনিক মজুরী নির্ধারণ করে। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রতি মাসে মজুরী প্রদান করা যেতে পারে। মর্মে সভায় সকল সদস্যর মতামত কামনা করেন। | (ঘ) সভায় বিস্তারিত আলোচান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর 'ত' অনুচ্ছেদে উপজেলা পরিষদের মালী পদে কর্মচারী অস্থায়ী ভাবে দৈনিক মজুরী ভিত্তিতে নিয়োগ প্রদানের সুযোগ থাকায় এবং উপজেলা পরিষদের মানিক চন্দ্র রায়-কে চূড়ান্ত ভাবে মালী পদ হতে অব্যাহতি দেয়ায় নতুন ভাবে সবুজ চন্দ্র রায়, পিতা ধজেন্দ্র নাথ রায়, গ্রাম- তুষভান্ডা, কালীগঞ্জ-কে অস্থায়ী ভাবে মালী পদে নিয়োগ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রতি মাসের দৈনিক মজুরী প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | (ঘ) প্রশাসক, উপজেলা পরিষদ কালীগঞ্জ এবং উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট। |
| | (ঙ) সভায় আলোচনাকালে উপজেলা কৃষি অফিসার বলেন যে, অত্র উপজেলায় ৮টি ইউনিয়ন হতে প্রতি বছর প্রায় ২০ থেকে ২৫ হাজার কৃষক বিভিন্ন কৃষি বিষয়ক সেবা নিতে কৃষি অফিসে আসেন এবং প্রতি বছর বিভিন্ন ফসলের প্রণোদনার জন্য প্রায় ১২ হাজার কৃষক অত্র দপ্তরে আসেন। এপ্রেক্ষিতে উপজেলা কৃষি অফিসের সামনের কৃষকদের জন্য বিশ্রামাগার না থাকায় উপজেলা পরিষদের এডিপি প্রকল্প হতে বিশ্রামাগার নির্মাণ করার জন্য সভায় অনুরোধ করেন। | (ঙ) সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২৫-২৬ অর্থ বছরের এডিপি প্রকল্পের আওতায় উপজেলা কৃষি অফিসের সামনে একটি বিশ্রামাগার নির্মাণের জন্য সকল সদস্য একমত পোষণ করেন এবং প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | (ঙ) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, এবং উপজেলা প্রকৌশলী এলজিইডি কালীগঞ্জ, লালমনিরহাট। |

CS CamScanner

| | | |
|---|---|---|
| (চ) সভায় আলোচনাকালে অফিসার ইনচার্জ, কালীগঞ্জ থানা, কালীগঞ্জ, লালমনিরহাট জানান যে, কালীগঞ্জ থানার অফিসার ও ফোর্সদের নিয়ে মিটিং করার রুম না থাকায় কালীগঞ্জ থানা চত্বরের অভ্যান্তরে একটি কনফারেন্স রুম নির্মাণ করার জন্য অনুরোধ করেন। | (চ) সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২৫-২৬ অর্থ বছরের এডিপি প্রকল্পের আওতায় কালীগঞ্জ থানা চত্বরের অভ্যান্তরে একটি কনফারেন্স রুম নির্মাণের জন্য সকল সদস্য একমত পোষণ করেন এবং প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | (চ) উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা প্রকৌশলী এলজিইডি কালীগঞ্জ, লালমনিরহাট। |
| (ছ) সভায় আলোচনাকারে সভাপতি জানানযে, উপজেলা পরিষদের হলরুমের কিছু পুরাতন মালামাল অকেজো অবস্থায় রয়েছে। যা নিলামে বিক্রয় করা প্রয়োজন | (ছ) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের হলরুমে পরে থাকা পুরাতন মালামাল এর প্রাক্কলন প্রস্তুত করে প্রকাশ্যে নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণের জন্য সকল সদস্য একমতপোষণ করেন। এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | (ছ) উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট। |
| (জ) সভায় প্যানেল চেয়ারম্যান কাকিনা ইউপি জানান যে, কাকিনা ইউনিয়ন পরিষদের প্রবেশ গেট সংলগ্ন কিছু সংখ্যাক দোকান ঘর রয়েছে। উক্ত ঘরগুলো ভেংগে ৫ম তলা ভবন নির্মাণ করে দোকান ঘর হিসাবে ভাড়া প্রদান করা হলে সরকারের রাজস্ব আদায় বৃদ্ধি পাবে এবং উন্নয়ন মূলক কার্যক্রম করা যাবে এবং এলাকার অনেক বেকার যুবকের কর্মসংস্থান সৃষ্টি হবে। এপ্রেক্ষিতে উপজেলা পরিষদ হতে বিভিন্ন ভাবে প্রকল্প গ্রহণ এবং ভবণ নির্মাণের প্রস্তাব উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা যেতে পারে। সভায় সকল সদস্যর মতামত কামনা করেন। | (জ) সভায় বিস্তারিত আলোচনান্তে কাকিনা ইউনিয়ন পরিষদের প্রবেশ গেট সংলগ্ন জায়গায় ৫ম তলা ভবণ নির্মাণের জন্য সকল সদস্য একমত পোষণ করেন এবং উপজেলা পরিষদ হতে প্রকল্প গ্রহণ ও উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট ভবণ নির্মাণের প্রস্তাবে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | (জ) উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট। |
| (ঝ) সভায় আলোচনাকালে সভাপতি জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের বাজেট প্রস্তুত করা হয়েছে এবং একটি বিশেষ সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে উপজেলা পরিষদের ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেট অনুমোদন এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় উপস্থিত সকল সদস্যগণের মতামত পোষণ করেন। | (ঝ) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেট অনুমোদন করা হয় এবং স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | (ঝ) উপজেলা নির্বাহী অফিসার কালীগঞ্জ, লালমনিরহাট। |
| (ঞ) সভায় আলোচনাকালে উপজেলা সমবায় কর্মকর্তা ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, উপজেলা সমবায় অফিস ও উপজেলা যুব উন্নয়ন অফিসের টিনের চাল অনেক পুরাতন ও নষ্ট হয়ে যাওয়ায় ঝড়বৃষ্টিতে অফিসের কাজের বিভিন্ন রকম সমস্যার সৃষ্টি হচ্ছে এবং বাথরুমটি ব্যবহারের অনুপযোগী হয়ে পরেছে। সভায় ২০২৫-২০২৬ অর্থ বছরের রাজস্ব তহবিল হতে জরুরীভাবে সংস্কার করার জন্য অনুরোধ করেন। | (ঞ) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা সমবায় অফিস ও উপজেলা যুব উন্নয়ন অফিসের টিনের অংশ এবং বাথরুমের অংশটি সংস্কারের জন্য ২,০০,০০০/- (দুইলক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে ২০২৫-২০২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে পিপিআর-২০০৬ ও ২০০৮ এর আলোকে পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | (ঞ) উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট। |
| (ট) সভায় আলোচনাকালে সভাপতি আরও জানানযে, উপজেলা পরিষদের জামে মসজিদটি বাহির অংশ ও ভিতরের অংশ এবং মসজিদটির বাউন্ডারী ওয়ালটি অনেক পুরাতন হওয়ায় রং করা প্রয়োজন। সভায় সকল সদস্যর মতামত কামনা করেন। | (ট) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের জামে মসজিদটি বাহির অংশ ও ভিতরের অংশ এবং বাউন্ডারী ওয়ালটি রং করণের জন্য সকল সদস্য একমত পোষণ করেন এবং ১,০০,০০০/- (একলক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে ২০২৫-২০২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে পিপিআর-২০০৬ ও ২০০৮ এর আলোকে পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | (ট) উপজেলা নির্বাহী অফিসার, এবং উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/০৬/২০২৫

(মোছাঃ জাকিয়া সুলতানা)
প্রশাসক
উপজেলা পরিষদ
কালীগঞ্জ, লালমনিরহাট
মোবাইল নং ০১৭৩৩-৩০০২১৩।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালীগঞ্জ, লালমনিরহাট।
www. kaliganj.lalmonirhat.gov.bd

স্মারক নং ০৫.৪৭.৫২৩৯.০০০.০৩.০৪৮.২৫- ৮৫৪

তারিখ: ১৫ আষাঢ় ১৪৩২
২৯ জুন ২০২৫

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)ঃ-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, লালমনিরহাট।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
০৬। উপজেলা ........................................................................ অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট।
০৭। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান ............................................................(সকল) ইউ.পি, কালীগঞ্জ, লালমনিরহাট।

২৯/০৬/২০২৫
(মোছাঃ জাকিয়া সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
কালীগঞ্জ, লালমনিরহাট।

২৯/৬/২৫

CamScanner

২৯ ২

পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ

| বিভাগীয় কর্মকর্তাবৃন্দ | | নির্বাচিত জনপ্রতিনিধিবৃন্দ | |
|---|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | ১ | চেয়ারম্যান, ১নং ভোটমারী ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | ২ | চেয়ারম্যান, ২নং মদাতী ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ৩ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট | ৩ | প্যানেল চেয়ারম্যান, ৩নং তুষভান্ডার ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ৪ | উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | ৪ | চেয়ারম্যান, ৪ নং দলগ্রাম ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ৫ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট | ৫ | চেয়ারম্যান, ৫নং চন্দ্রপুর ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ৬ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট | ৬ | প্যানেল চেয়ারম্যান, ৬নংগোড়ল ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ৭ | উপজেলা প্রকৌশলী, (এলজিইডি), কালীগঞ্জ, লালমনিরহাট | ৭ | প্যানেল চেয়ারম্যান, ৭নং চলবলা ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ৮ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | ৮ | প্যানেল চেয়ারম্যান, ৮নং কাকিনা ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | | |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট | | |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট | | |
| ১২ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট | | |
| ১৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকতা, কালীগঞ্জ, লালমনিরহাট | | |
| ১৪ | উপজেলা সমবায় অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | | |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | | |
| ১৬ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালীগঞ্জ, লালমনিরহাট | | |
| ১৭ | ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র কালীগঞ্জ | | |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ

| বিভাগীয় কর্মকর্তাবৃন্দ | | নির্বাচিত জনপ্রতিনিধিবৃন্দ | |
|---|---|---|---|
| ১ | | ১ | |

CamScanner